

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০২২

১/ বিবিধ

আরবী

يا عمر! ههنا تسكب العبرات
ضعيف جدا

أخرجه ابن ماجه (2/221 - 222) والحاكم (1/454) عن محمد بن عون عن نافع عن ابن عمر قال " استقبل رسول الله صلى الله عليه وسلم الحجر، ثم وضع شفثيه عليه يبكي طويلا، ثم التفت، فإذا هو بعمر بن الخطاب يبكي، فقال: فذكره، وقال الحاكم صحيح الإسناد، ووافقه الذهبي قلت: وذلك من أوهامهما، فإن محمد بن عون هذا وهو الخراساني متفق على تضعيفه، بل هو ضعيف جدا، وقد أورده الذهبي نفسه في "الضعفاء" وقال قال النسائي: متروك، وفي "الميزان" وزاد وقال البخاري: منكر الحديث، وقال ابن معين: ليس بشيء ثم ساق له الذهبي هذا الحديث مشيرا إلى أنه مما أنكر عليه، والظاهر أنه الحديث الذي عناه أبو حاتم بقوله ضعيف الحديث، منكر الحديث، روى عن نافع حديثا ليس له أصل ذكره ابن أبي حاتم (4/1/47)، وساق له في "التهذيب" هذا الحديث ثم قال وكأنه الحديث الذي أشار إليه أبو حاتم

وقال الحافظ في "التقريب": متروك

বাংলা

১০২২। হে উমার! এখানেই চোখের পানি প্রবাহিত করা হয়।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু মাজাহ (২/২২১-২২২) ও হাকিম (১/৪৫৪) মুহাম্মাদ ইবনু আউন হতে, তিনি নাফে' হতে, তিনি ইবনু উমার হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাজারে আসওয়াদের নিকট এগিয়ে গেলেন, অতঃপর তার দু'ঠোঁট তার উপর রেখে দীর্ঘক্ষণ কাঁদলেন। অতঃপর ফিরে দেখলেন উমর ইবনুল খাত্বাব (রাঃ) কাঁদছে। তখন তিনি উক্ত কথাটি বলেনঃ ...।

হাকিম বলেনঃ সনদটি সহীহ হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তা তাদের দু'জনের ধারণা মাত্র। কারণ এই মুহাম্মাদ ইবনু আউন হচ্ছেন খুরাসানী। সকলে তার দুর্বল হওয়ার বিষয়ে একমত। বরং তিনি খুবই দুর্বল। হাফিয যাহাবী নিজেই তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইমাম বুখারী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস। ইবনু মাজিন বলেনঃ তিনি কিছুই না।

অতঃপর যাহাবী তার এ হাদীসটি উল্লেখ করে ইঙ্গিত করেছেন যে, তিনি এটিকে তার উপর ইনকার করেছেন। বাহ্যিকভাবে যা বুঝা যায় আবু হাতিম এ হাদীসটি সম্পর্কেই আলোচনা করতে গিয়ে তার সম্পর্কে বলেছেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল, মুনকারুল হাদীস। তিনি নাফে' হতে এমন হাদীস বর্ণনা করেছেন যার কোন ভিত্তি নেই।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাতরুক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71901>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন